

## ম্যাক অপারেটিং সিস্টেমের নতুন সংস্করণ আনল অ্যাপল

টেক জায়ান্ট অ্যাপল'র বিভিন্ন ধরনের ম্যাক ডিভাইসের জন্য ব্যবহার করে থাকে নিজস্ব ম্যাকিটোশ অপারেটিং সিস্টেম। শুরু থেকে এখন পর্যন্ত এই ম্যাক অপারেটিং সিস্টেমের অনেকগুলো সংস্করণ বাজারে এনেছে অ্যাপল। এর ধারাবাহিকতায় এবার তারা নিয়ে আসল ম্যাক অপারেটিং সিস্টেমের সর্বশেষ সংস্করণ 'ওএস এক্স মাউন্টেইন লায়ন'। ম্যাকের প্রতিটি নতুন সংস্করণেই নতুন নতুন বৈশিষ্ট্য থাকলেও এবারের সংস্করণের অন্যতম প্রধান বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে সোস্যাল নেটওয়ার্কে সহজে কনটেন্ট শেয়ারের সুবিধা এবং বিভিন্ন স্মার্টফোনের মতো নোটিফিকেশন প্যানেল। গত ফেব্রুয়ারিতে অ্যাপল প্রথম এই নতুন সংস্করণের ঘোষণা দেয়। তারপর থেকেই তারা এতে নতুন নতুন ফিচার যুক্ত করতে থাকে। মূলত



মোবাইল ডিভাইসগুলোর জনপ্রিয়তার কারণে অ্যাপল ডেস্কটপ, ল্যাপটপ বা অল-ইন-ওয়ান পিসিগুলোর জন্য এই সংস্করণে এমন কিছু ফিচার যুক্ত করেছে, যা মোবাইল ডিভাইসগুলোর সাথে বিভিন্ন কাজের সমন্বয় করতে সহায়তা করবে। অ্যাপল'র স্মার্টফোন আইফোন কিংবা ট্যাবলেট পিসি আইপ্যাডে একই ধরনের ফিচার আগেই যুক্ত করেছে অ্যাপল। মাউন্টেইন লায়ন সংস্করণে অ্যাপল বিশেষ গুরুত্ব দিয়েছে সোস্যাল সব নেটওয়ার্কে কনটেন্ট শেয়ারের

দিকে। ফেসবুক, টুইটার, ফ্লিকারসহ সব ধরনের সোস্যাল নেটওয়ার্কে কনটেন্ট শেয়ার করার জন্য এই সংস্করণে রয়েছে বিশেষ বিল্ট-ইন ফিচার। এ ছাড়া রয়েছে সোস্যাল নেটওয়ার্কগুলোতে যেকোনো ম্যাসেজ বা পোস্ট আসলে সরাসরি নোটিফিকেশন পাওয়ার সুবিধা। এই অ্যাপ্লিকেশনে একবার লগ-ইন করলেই আর বারবার লগ-ইন করার প্রয়োজন হবে না। সরাসরি সোস্যাল নেটওয়ার্ক সম্পর্কিত যেকোনো কাজ করা যাবে এটি ব্যবহার করে। মাউন্টেইন লায়নে যুক্ত আরেকটি বিশেষ ফিচার হচ্ছে পাওয়ার ন্যাপ। এই ফিচারটি ম্যাক ডিভাইসকে সার্বক্ষণিক আপডেট রাখবে কোনো বামেলা না করেই। এমনকি স্লিপ মোডেও এটি সিস্টেম আপডেট করা, ইমেইল ম্যাসেজ গ্রহণ করা, স্বয়ংক্রিয়ভাবে সফটওয়্যার আপডেট করা, ফাইল ব্যাকআপ করার মতো কাজগুলো করে দেয়। ম্যাক ডিভাইসের আইচ্যাট ফিচারটির বদলে এতে যুক্ত করা হয়েছে নতুন একটি ম্যাসেজ অ্যাপ্লিকেশন। এর মাধ্যমে যেকোনো ধরনের অ্যাপল পণ্যে ম্যাসেজ আদান-প্রদান করা যাবে। এতে গেম স্টোরটিকেও আপডেট করা হয়েছে নতুন নতুন গেমিং ফিচার দিয়ে। আর কণ্ঠস্বর ব্যবহার করেও ম্যাকে টাইপ করতে যুক্ত হয়েছে একটি অ্যাপ্লিকেশন। অর্থাৎ, ম্যাক ডিভাইসের সামনে বসে আপনি কথা বললেই সে কথাগুলো টাইপের কাজটি করে দেবে মাউন্টেইন লায়নের বিশেষ একটি ফিচার। আর সময়ের চাহিদার সাথে তাল মিলিয়ে অ্যাপল'র ক্লাউড স্টোরেজ সার্ভিস আইক্লাউডের সাথে ম্যাক ডিভাইসকে যুক্ত করার সুবিধাও যুক্ত হয়েছে এতে।